

শিখার

৩২

## বৃটিশ কাউন্সিলের শিক্ষাদান কেন্দ্রে নতুন কোর্স চালু

ঢাকা ট্রিপোর্টার : ঢাকার বৃটিশ কাউন্সিলের ডিভিঃ সেক্টর বা শিক্ষাদান কেন্দ্র এ বছরের জন্য তার কর্মসূচীতে কতিপয় গুরুত্বপূর্ণ পরিবর্তন এনেছে। ইংরেজী ভাষা কর্মসূচী শুরু হবে ১৭ ফেব্রুয়ারী। ১০ থেকে ১৫ ফেব্রুয়ারী হবে রেজিস্ট্রেশন। বৃটিশ কাউন্সিলের ছাত্রদেরকে ট্রি ক্যাংপক্শন (কনভার্সেশন) ক্লাস এবং সহায়তাপূর্ণ অবাধ্য শিক্ষা কেন্দ্রের (সাপোর্টেড ওপেন লার্নিং সেক্টর) সদস্যপদ দেয়া হবে। এতে থাকবে ইংরেজী জানের উন্নয়ন সাধনে সফটওয়্যার ও সরঞ্জাম সুবিধা। ডিভিঃ সেক্টর বা শিক্ষাদান কেন্দ্রের শিক্ষাদান পরিবেশ আরো সুন্দর করার লক্ষ্যে সুদক্ষিত ফ্রান্সিসকান্সহ কেন্দ্রটিকে সজ্জিত মনোরম করে তোলা হয়েছে। বৃটিশ কাউন্সিল বাংলাদেশে স্থানীয় ব্যবসার উন্নয়নে সাহায্য করার কৌশলের অংশ হিসাবে কতিপয় নতুন কোর্স চালু করেছে। এগুলোর লক্ষ্য হচ্ছে আন্তর্জাতিক কর্মক্ষেত্রে দক্ষতা ও প্রতিযোগিতার মনোভাব বাড়িয়ে তোলা। নতুন কোর্সের মধ্যে রয়েছে 'মানবজাতির জন্য অপরিহার্য দক্ষতা' সমন্বয় সমাধান ও সিদ্ধান্ত গ্রহণ, ব্যবস্থাপনা ও যোগাযোগ মাধ্যমে পরিবর্তন, যোগাযোগ দক্ষতা, বেধা বা মানসিক ক্রিমার বৈজ্ঞানিক পরিমাপের টিম ব্যবস্থাপনা প্রক্রিয়ার মাধ্যমে নেতৃত্ব ও টিম গড়ে তোলা। বৃটিশ কাউন্সিলের পেশাদার উন্নয়ন ও ব্যবস্থাপনা দক্ষতা টিম ট্রেনিং পাবে।